



যদি বলি

যদি বলি যাব চলে
আমাকে কি তুমি ডাকবেনা?
যদি বলি থাকবনা আর
আমাকে কি তুমি সাধবেনা?
যদি বলি থামবনা আর
আমাকে কি ধরে রাখবেনা?
যদি বলি হারিয়ে যেতে চাই
আমাকে কি তুমি খুঁজবেনা?
যদি বলি আমি হেরে গেছি
আমাকে কি তুমি জেতাবেনা?
যদি বলি স্বমৃত্যু কামনা করি
আমাকে কি তুমি বাঁধবেনা?
সবাইকে আশ্বস্ত করে হেসে উঠে যদি বলি আমি বাঁচব
তুমি উঠোন পেরিয়ে চলে যাবে আমি দেখতে থাকব।

বৈশাখী মিত্র